

আলোকিত

বাংলাদেশ

শনিবার ■ ২৭ শ্রাবণ ১৪২৫ ■ ২৮ জিলকদ ১৪৩৯ হিজরি ■ ১১ আগস্ট ২০১৮

ইউআইইউর নতুন

ভিসি ড. চৌধুরী

মোফিজুর রহমান

রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর
মো. আবদুল হামিদ ইউনাইটেড
ইন্টারন্যাশনাল



ইউনিভার্সিটির
(ইউআইইউ)
ভিসি হিসেবে
অধ্যাপক ড.
চৌধুরী
মোফিজুর
রহমানকে চার
বছরের জন্য
নিয়োগ

দিয়েছেন। চৌধুরী মোফিজুর রহমান ২০০৩ সাল থেকে একই বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি হিসেবে পরপর তিনবার দায়িত্ব পালন করেন। ইউআইইউতে যোগ দেওয়ার আগে তিনি বুয়েটের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হিসেবে দীর্ঘ ১৫ বছর কর্মরত ছিলেন। এ সময় তিনি কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। বুয়েট থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি, এমএসসি শেষ করে চৌধুরী মোফিজুর রহমান মনোবস্তু বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। এছাড়া তিনি ইউরোপিয়ান ইউনিয়নের ১১ মিলিয়ন ইউরো ব্যয়ে পরিচালিত তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও ফিউশন) যুগ্ম সমন্বয়কের দায়িত্ব পালন করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তার ১১৯টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি